# এনফোর্সমেন্ট বুলেটিন

## (ডিসেম্বর, ২০২৪)

**পরিবেশ অধিদপ্তর**

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

নির্দেশনায়

**ড. মোঃ কামরুজ্জামান, এনডিসি**
মহাপরিচালক

তত্ত্বাবধানে

**ড. মুঃ সোহরাব আলী**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

সম্পাদনায়

**মুহাঃ শওকাত আলী**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

সহযোগিতায়

**মো: আ: সালাম সরকার**
উপপরিচালক
**সৈয়দ আহম্মদ কবীর**
উপপরিচালক
**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক
**মো: রেজুওয়ান ইসলাম**
সহকারী পরিচালক

প্রকাশকাল

**জানুয়ারি ২০২৫**

প্রকাশক
মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর

পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, facebook.com/doebd

পরিবেশ অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়



# মুখবন্ধ

**পরিচালক**
**মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং**
**পরিবেশ অধিদপ্তর**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় ডিসেম্বর/২০২৪ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ডিসেম্বর/২০২৪ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ২২৮টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৪৮৭ প্রতিষ্ঠান/ব্যক্তিকে ২,৪৬,৭৬,৯০০/- (দুই কোটি ছেচল্লিশ লক্ষ ছিয়াত্তর হাজার নয়শত) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ১৭৩২০ কেজি পলিথিন ও ১৪২ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ২২৯টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাট, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ২,২০,৯৪,৭৫৫/- (দুই কোটি বিশ লক্ষ চুরানব্বই হাজার সাতশত পঞ্চান্ন) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ১৮ টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একইসাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

**মুহাঃ শওকাত আলী**

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১। | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় ডিসেম্বর ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২। | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ডিসেম্বর ২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩। | ডিসেম্বর ২০২৪ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৪ |
| ৪। | ডিসেম্বর ২০২৪ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৫-২০ |

## পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় ডিসেম্বর ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম ঃ



চিত্র ঃ এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ



ছবি ঃ এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি

- ডিসেম্বর ২০২৪ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিরুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ২২৯ (দুইশত উনত্রিশ) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ২,২০,৯৪,৭৫৫/- (দুই কোটি বিশ লক্ষ চুরানব্বই হাজার সাতশত পঞ্চান্ন) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ১,০০,৯০,৭৩৪/- (এক কোটি নব্বই হাজার সাতশত চৌত্রিশ) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহা-পরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোনো ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমাণ নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরুপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোনো ক্ষমতা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

**মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ডিসেম্বর ২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম ঃ**









চিত্র: ডিসেম্বর/২০২৪ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ ও সেবা সংযোগ বিচ্ছিন্নকরণ

| |
|---|
| বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনোভাবে শ্রেণী পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড। |

**০২ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে টাঙ্গাইল জেলার ওয়েসিস সার্ভিসেস এগ্রোকে ১ লক্ষ টাকা; ঢাকা জেলার বোরহান সাইকেল পার্টস এন্ড এক্সেসরিজকে ২৫ হাজার টাকা, ইউনিক ডায়াগনস্টিক সেন্টারকে ২৫ হাজার টাকা, ঢাকা ল্যাবকে ১ লক্ষ টাকা, মনা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টারকে ৫০ হাজার টাকা, মেসার্স নাছরিন অটো রাইস মিলকে ৭০ হাজার টাকা; গাজীপুর জেলার গ্লোব ওয়েস্ট ম্যানেজম্যান্টকে ২০ হাজার টাকা, সওদাগর ইর্য়ান প্রসেসিং লিমিটেডকে ৫০ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার যমুনা ডায়াগনস্টিককে ৩০ হাজার টাকা, সেবা ডায়াগনস্টিককে ২৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। সিলেট বিভাগীয় কার্যালয় কর্তৃক হবিগঞ্জ জেলার হুরাইন এইচটিএফ লি: কে ৫০ লক্ষ ১৮ হাজার ৪ শত টাকা, ড্যাম রটো ফ্লেক্স ইন্ডাস্ট্রিজকে ২০ হাজার টাকা; মৌলভীবাজার জেলার শিলুয়া চা বাগান (ক্যাপটিভ পাওয়ার) কে ১৫ হাজার টাকা, মিয়া ব্রিকস লি: কে ৪ লক্ষ ৩২ হাজার ৫ শত টাকা; সিলেট জেলার মধুবন অভিজাত মিষ্টি বিপণীকে ২২ হাজার ১ শত ২৫ টাকা, মদিনা সিএনজি রিফুয়েলিং স্টেশনকে ৮ হাজার ৮ শত টাকা, ইউনাইটেড পলি ক্লিনিককে ৫৫ হাজার টাকা, সুরমা সিএনজি ফিলিং স্টেশনকে ৪ হাজার ৭ শত ৩০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। নারায়নগঞ্জ জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদনের দায়ে ১টি কারখানা হতে আনুমানিক ২২০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দসহ কারখানার কার্যক্রম বন্ধ করা হয়। গোপালগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৩টি অবৈধ ইটভাটা হতে মোট ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১ ব্যাক্তিকে ৬ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়। পঞ্চগড় জেলা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিক্ত শব্দ দূষণের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৬টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**০৩ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের পঞ্চগড় জেলা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিক্ত শব্দ দূষণের দায়ে ৬টি যানবাহন হতে মোট ৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১২টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন উৎপাদন, আমদানি, বাজারজাতকরণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য

**০৪ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের রাজবাড়ী, ঝিনাইদহ, হবিগঞ্জ, কুমিল্লা, পিরোজপুর ও নেত্রকোনা জেলা কার্যালয় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাতকরণের দায়ে ১৪টি প্রতিষ্ঠান হতে মোট ৮৪ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ৪৮৫ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। খুলনা, নারায়ণগঞ্জ ও দিনাজপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১০টি অবৈধ ইটভাটা হতে মোট ৮ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। চাঁপাই নবাবগঞ্জ ও ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিক্ত শব্দ দূষণের দায়ে ৭টি যানবাহন হতে মোট ৯ হাজার ৭ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১৩টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**০৫ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের গোপালগঞ্জ, সিলেট, কুমিল্লা ও নোয়াখালী জেলা কার্যালয় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাতকরণের দায়ে ৯টি প্রতিষ্ঠান হতে মোট ২ লক্ষ ৯১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ২১৫৮ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি অবৈধ ইটভাটা হতে ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিক্ত শব্দ দূষণের দায়ে ৩টি যানবাহন হতে মোট ২ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা, কুমিল্লা ও কুড়িগ্রাম জেলা কার্যালয় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাতকরণের দায়ে ৭টি প্রতিষ্ঠান হতে মোট ৩৪ হাজার ৬ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ২১৮ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ৪টি প্রতিষ্ঠান হতে মোট ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিক্ত শব্দ দূষণের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৫ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৫টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।

| |
|---|
| বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য |






**০৯ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার লিবার্টি হাসপাতালকে ২ লক্ষ টাকা, সাফা ডায়াগনস্টিক সেন্টারকে ৬০ হাজার টাকা, মাসকাট মেডিকেল সেন্টারকে ৬০ হাজার টাকা, সূর্যের হাসি ক্লিনিককে ৩০ হাজার টাকা; মানিকগঞ্জ জেলার পারভীন নার্সিং হোম এন্ড ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টারকে ৬০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পিরোজপুর জেলা কার্যালয় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয়, সরবরাহ ও বাজারজাতকরণের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ১১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ১১ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। বগুড়া জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে পুরাতন ব্যাটারি গলিয়ে সীসা তৈরির কারখানা দ্বারা দ্বারা বায়ু দূষণের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ কারখানার কার্যক্রম বন্ধ করা হয়। বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিক্ত শব্দ দূষণের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৪ হাজার ৭ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৫টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। কিশোরগঞ্জ, কুড়িগ্রাম ও বগুড়া জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৭টি অবৈধ ইটভাটা হতে মোট ৮ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী ও কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ১টি প্রতিষ্ঠান ও ৬টি যানবাহন হতে মোট ২১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।







শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬ এর বিধি ৮(১), ১৮(২) অনুযায়ী মানমাত্রা অতিক্রম করে হর্ণ বাজানোর অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১০ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার আজাদ আর্ট হলকে ৩০ হাজার টাকা, ডিজাইন হাউজ বাংলাদেশকে ৩ লক্ষ টাকা, তাজ টিম্বার এন্ড ফার্নিচার প্রা: লিমিটেডকে ২০ হাজার টাকা, মেসার্স পদ্মা ফুড প্রোডাক্টসকে ২৫ হাজার টাকা, গুজ লিমিটেডকে ৩০ হাজার টাকা; জামালপুর জেলার এবাদুল স মিলকে ৩০ হাজার টাকা; কিশোরগঞ্জ জেলার মেসার্স ম্যানুফ্যাকচার এন্ড স্ট্যান্ডার্ড ব্রিকসকে ১৭ লক্ষ ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। কুমিল্লা, রাজবাড়ী ও পঞ্চগড় জেলা কার্যালয় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয়, সরবরাহ ও বাজারজাতকরণের দায়ে ৬টি প্রতিষ্ঠান হতে মোট ১২ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ৪০২ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষণের দায়ে ১২টি যানবাহন হতে মোট ১২ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৯টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। নড়াইল, নারায়ণগঞ্জ ও কুড়িগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১১টি অবৈধ ইটভাটা হতে মোট ২০ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৭টি ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী ও কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ১টি প্রতিষ্ঠান ও ৬টি যানবাহন হতে মোট ২১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**১১ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার ডক্টরস কেয়ার হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ৫০ হাজার টাকা, বাংলাদেশ সেন্টার ফর রিহ্যাবিলিটেশন সেন্টার লি: কে ২৫ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার নুরজাহান ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টারকে ২০ হাজার টাকা; গাজীপুর জেলার এলিট গার্মেন্টস লিমিটেড ইউনিট-২ (ওয়াশিং প- ান্ট) কে ৩০ হাজার টাকা; শরীয়তপুর জেলার সখিপুর আধুনিক হাসপাতাল (ডায়াগনস্টিক সেন্টার) কে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। কুমিল্লা ও চাঁদপুর জেলা কার্যালয় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয়, সরবরাহ ও বাজারজাতকরণের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ৯০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ২২৯৫ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ৯টি যানবাহন হতে মোট ১৭ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। খুলনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইলকোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষণের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৮টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয় পিরোজপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি অবৈধ ইটভাটা হতে ৪০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬খ, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার সংক্রান্ত অপরাধের ক্ষেত্রে অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।





**১২ ডিসেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা, পঞ্চগড় জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষণের দায়ে ৮টি যানবাহন হতে মোট ৮ হাজার ৮ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৫টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। টাঙ্গাইল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৬টি অবৈধ ইটভাটা হতে মোট ২৪ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। খুলনা, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও পিরোজপুর জেলা কার্যালয় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয়, সরবরাহ ও বাজারজাতকরণের দায়ে ২১টি প্রতিষ্ঠান হতে মোট ২৩ হাজার ৪ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ২৩৫ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**১৫ ডিসেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ১ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনূন্য ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।




**১৭ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার ইম্পেরিয়াল হেলথ কেয়ার বিডি লিমিটেডকে ২০ হাজার টাকা, প্লাজমা রিসার্চ সেন্টারকে ৩০ হাজার টাকা, এস এস ইমেজিং এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ৩০ হাজার টাকা, মেরিন হেলথ কেয়ার প্রাঃ লিঃ কে ১ লক্ষ টাকা, হলি ল্যাব ডায়াগনস্টিক কমপ্লেক্সকে ৩০ হাজার টাকা; ময়মনসিংহ জেলার মেসার্স তাজ ব্রিকসকে ৫ লক্ষ টাকা; রাজবাড়ী জেলার মাজেদ মোল্লা বি. এন. এস. বি. চক্ষু হাসপাতালকে ২৫ হাজার টাকা; গাজীপুর জেলার এ প্লাস সুয়েটার লিমিটেডকে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষণের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৬টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। গোপালগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদনের দায়ে ২টি প্রতিষ্ঠান মোট ৪০ হাজার টাকা হতে আনুমানিক ৫৮৬ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। শরীয়তপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মেসার্স একতা ব্রিক ফিল্ড নামক অবৈধ ইটভাটা হতে মোট ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।




**১৮ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার নুরু মিয়ার পোল্ট্রি ফার্মকে ২০ হাজার টাকা, বিল্লাল ডেইরি ফার্মকে ১ লক্ষ টাকা; নরসিংদী জেলার মোহাম্মদপুর ওয়াশিং এন্ড ডাইংকে ২ লক্ষ টাকা; কুড়িগ্রাম জেলার মেসার্স সোনামনি ফিলিং স্টেশনকে ৩০ হাজার টাকা; গাজীপুর জেলার মাদবর এগ্রো ইন্ডা লিঃ কে ৫ লক্ষ ৬৫ হাজার টাকা; টাঙ্গাইল জেলার কবির ব্রিকসকে ৫ লক্ষ টাকা; নেত্রকোণা জেলার অহিদুল স মিলকে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। সিলেট বিভাগীয় কার্যালয় কর্তৃক শুনানী গ্রহণক্রমে মৌলভীবাজার জেলার মেসার্স রুপসী ব্রিকসকে ৩ লক্ষ ৭৫ হাজার টাকা, মেসার্স আল আমিন ব্রিকসকে ৫০ হাজার টাকা, শ্রীমঙ্গল ডায়াগনস্টিক সেন্টারকে ৪৫ হাজার টাকা, মেসার্স মেঘনা ব্রিকসকে ৫০ হাজার টাকা, মেসার্স জামিল ব্রিকসকে ৩ লক্ষ টাকা, উস্তার মিয়া গং কে ১ লক্ষ টাকা; সুনামগঞ্জ জেলার সানক্রেড ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা; সিলেট জেলার লাইফ এইড কনক্রিট ডায়াগনস্টিক কমপে- ক্সকে ১৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষণের দায়ে ৪টি যানবাহন হতে মোট ১২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৭টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। ভোলা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১ অবৈধ ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অন্যূন ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।





**১৯ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী ও যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ৫টি প্রতিষ্ঠান ও ৩টি যানবাহন হতে মোট ৫২ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ভোলা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৩টি অবৈধ ইটভাটা হতে মোট ৭ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ কার্যক্রম বন্ধ করা হয়। কিশোরগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহের দায়ে ১টি প্রতিষ্ঠান ২ হাজার টাকা হতে আনুমানিক ৪ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**২২ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৩ হাজার ৮ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। কুমিল্লা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি অবৈধ ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়। শরীয়তপুর, বগুড়া, গাইবান্ধা, কুমিল্লা, সিলেট ও বরিশাল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহের দায়ে ৬টি প্রতিষ্ঠান মোট ১ লক্ষ ৫৭ হাজার টাকা হতে আনুমানিক ৬৮০২ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৫, ১৫ অনুযায়ী কোন ব্যক্তি ইট প্রস্তুত করিবার উদ্দেশ্যে কৃষিজমি বা পাহাড় বা টিলা হইতে মাটি কাটিয়া বা সংগ্রহ করিয়া ইটের কাঁচামাল হিসাবে উহা ব্যবহার করলে অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবেন।





**২৩ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার এস এম মেটারিয়াল কোং কে ৩০ হাজার টাকা, গ্রিন বার্ড কনজ্যুমার প্যাককে ১০ হাজার টাকা; ঢাকা জেলার হেলথ সেন্টার ঢাকাকে ২০ হাজার টাকা, সন্ধি ডায়াগনস্টিক সেন্টারকে ৩০ হাজার টাকা, জনসেবা নার্সিং হোমকে ২০ হাজার টাকা; টাঙ্গাইল জেলার বন্ধু ডায়াগনস্টিক এন্ড ডক্টরস পয়েন্টকে ২০ হাজার টাকা, ক্যাপস কিডনি এন্ড ডায়ালাইসিস সেন্টারকে ২০ হাজার টাকা, ভুয়াপুর চক্ষু হাসপাতালকে ৩০ হাজার টাকা, মেসার্স রংধনু অটো রাইস মিলকে ৮ লক্ষ টাকা; শরীয়তপুর জেলার মনোয়ার শিকদার মেডিকেল কলেজ হাসপাতালকে ১২ লক্ষ ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ১৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। কুমিল্লা ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২টি অবৈধ ইটভাটা হতে মোট ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা মহানগরে আহাদ প্লাস্টিক নামক কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়।





**২৪ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার আরকে নীট ডাইং মিলসকে ৩০ হাজার টাকা, স্বপ্নকানন হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা; শেরপুর জেলার হাজী নেয়ামুতুল্লাহ জেনারেল প্রাঃ হাসপাতালকে ২৫ হাজার টাকা, আল বারাকাহ স্পেশালাইজড হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ৩০ হাজার টাকা; ঝালকাঠি জেলার সেভেন স্টার ব্রিকসকে ৩ লক্ষ ৭৫ হাজার টাকা; রংপুর জেলার মেসার্স সাগর এন্টারপ্রাইজকে ২৫ হাজার টাকা; ঝিনাইদহ জেলার ফাতেমা ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা; ঢাকা জেলার গ্রেস হাসপাতালকে ৩০ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার এশিয়া পেপার এন্ড বোর্ড মিলসকে ৮ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ফরিদপুর, ময়মনসিংহ ও নড়াইল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৯টি অবৈধ ইটভাটা হতে মোট ৬ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ কার্যক্রম বন্ধ করা হয়। পঞ্চগড়, হবিগঞ্জ ও চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহের দায়ে ৪টি প্রতিষ্ঠান মোট ১৪ হাজার টাকা হতে আনুমানিক ৩১৫ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।

শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬ এর বিধি ৮(২), ১৮(২) অনুযায়ী নীরব এলাকায় হর্ণ বাজানোর অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।






**২৬ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ১৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ঢাকা, ঝিনাইদহ ও ফরিদপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৭টি অবৈধ ইটভাটা হতে মোট ২০ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৩টি অবৈধ সীসা ভাট্টির  কার্যক্রম বন্ধ করা হয়।





**২৯ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৪ হাজার ৬ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। কুড়িগ্রাম, ঝালকাঠি ও ফরিদপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৯টি অবৈধ ইটভাটা হতে মোট ৯ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৫টি ভাটার কার্যক্রম বন্ধ করা হয়। ভোলা ও নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহের দায়ে ৩টি প্রতিষ্ঠান মোট ৪৫ হাজার টাকা হতে আনুমানিক ৫২৩ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ীস্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।

**৩০ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে জামালপুর জেলার মাইক্রোটেক এগ্রোকে ২০ হাজার টাকা; নারায়নগঞ্জ জেলার হাজী মুসা সাইজিং মিলসকে ৫০ হাজার টাকা; টাঙ্গাইল জেলার শিরিন স্পিনিং মিলসকে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৭টি যানবাহন হতে মোট ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ঝালকাঠি জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৪টি অবৈধ ইটভাটা হতে মোট ৮ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৩টি ভাটার কার্যক্রম বন্ধ করা হয়। বাগেরহাট ও শেরপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহের দায়ে ২টি প্রতিষ্ঠান মোট ৫ হাজার টাকা হতে আনুমানিক ৫৫৩ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।






**৩১ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও গাইবান্ধা জেলা কার্যালয় কর্তৃকমোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। পটুয়াখালী, পঞ্চগড়, সাতক্ষীরা ও রংপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৮টি অবৈধ ইটভাটা হতে মোট ৮ লক্ষ ৯০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৩টি ভাটার কার্যক্রম বন্ধ করা হয়। বাগেরহাট ও শেরপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহের দায়ে ২টি প্রতিষ্ঠান মোট ৫ হাজার টাকা হতে আনুমানিক ৫৫৩ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।








বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র ব্যতীত ব্যাটারী ভাঙ্গা বা আগুনে গলানো অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য।





অযথা হর্ন আমাদের
সন্তানদেরও বধির করছে










আপনার হর্ন আপনাকেই
বধির করছে














অযথা হর্ন বাজাবেন না













অযথা হর্ন বাজাবেন না

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক “রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে”

**পরিবেশ অধিদপ্তর**

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**